



গবেষণা ও উদ্ভাবনী কেন্দ্র Research and Innovation Centre Khulna University



স্মারক নং- খুবি/গসেল-৭৮/২০২৫-৬০১

তারিখ: ২২.১০.২০২৫খ্রি.

বিজ্ঞপ্তি

বিষয়: মাস্টার্স/ এমফিল/ পিএইচডি শিক্ষার্থীদের গবেষণাভিত্তিক (Q1/ Q2) প্রকাশনা প্রণোদনার জন্য আবেদন আহ্বান।

খুলনা বিশ্ববিদ্যালয়ের মাস্টার্স/ এমফিল/ পিএইচডি শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রেজিস্ট্রার কার্যালয়ের পত্র যার স্মারক নং-খুবি/একা-০৩/২০২৩-৬৫৩, তারিখ: ১৯.১০.২০২৫খ্রি. অনুযায়ী Q1/Q2 Journal এ First Author/ Corresponding Author হিসাবে খুলনা বিশ্ববিদ্যালয়ের Affiliation সহ গবেষণা প্রবন্ধ প্রকাশ করলে প্রণোদনা স্বরূপ এককালীন প্রবন্ধ প্রতি ১০,০০০/- (দশ হাজার) টাকা প্রদান করা হবে।

আগ্রহী মাস্টার্স/ এমফিল/ পিএইচডি শিক্ষার্থীদের আগামী ১৬.১১.২০২৫খ্রি. তারিখের মধ্যে নির্ধারিত আবেদন ফর্ম পূরণ করে সংশ্লিষ্ট সুপারভাইজারের সুপারিশ সহ যথাযথ কর্তৃপক্ষের (ডিসিপ্লিন প্রধান ও ডিন) মাধ্যমে ২০২৪-২৫ অর্থ বছরে (জুলাই ২০২৪ - জুন ২০২৫) প্রকাশিত গবেষণাপত্র সংযুক্ত করে পরিচালক, গবেষণা ও উদ্ভাবনী কেন্দ্র বরাবর আবেদন করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

প্রকাশনা প্রণোদনার নির্ধারিত ফর্ম ও নির্দেশিকা গবেষণা ও উদ্ভাবনী কেন্দ্রের অফিস অথবা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে সংগ্রহ করা যাবে।

উল্লেখ্য যে, বিশ্ববিদ্যালয়ের তহবিল প্রাপ্তির ভিত্তিতে প্রণোদনার সংখ্যা কর্তৃপক্ষ দ্বারা নির্ধারিত হবে।

ধন্যবাদান্তে,

(অধ্যাপক ড. কাজী মোহাম্মদ দিদারুল ইসলাম)
পরিচালক

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হল:

- ১। ডিন মহোদয়, সকল স্কুল, খুবি (স্কুলে বহুল প্রচারের অনুরোধসহ)
- ২। প্রধান, সকল ডিসিপ্লিন, খুবি (শিক্ষার্থীদের অবহিতকরণের অনুরোধসহ)
- ৩। ছাত্র বিষয়ক পরিচালক, খুবি
- ৪। পরিচালক, আইআইএসএসসিই, খুবি
- ৫। পরিচালক, অর্থ ও হিসাব বিভাগ, খুবি
- ৬। উপাচার্য মহোদয়ের সচিব, খুবি (উপাচার্য মহোদয়কে অবহিতকরণের অনুরোধসহ)
- ৭। উপ-উপাচার্য মহোদয়ের সচিব, খুবি (উপ-উপাচার্য মহোদয়কে অবহিতকরণের অনুরোধসহ)
- ৮। সংশ্লিষ্ট নথি